## প্রতি: আয়োজক　কোম্পানি এবং প্রশিক্ষণার্থীগণ

যখন একজন প্রশিক্ষণার্থীর চিকিৎসা জন্য একটি চিকিৎসা প্রতিষ্ঠানে যাওয়ার প্রয়োজন পড়বে, তখন তিনি সাথে করে "মেডিকেল কার্ড", "স্বতন্ত্র প্রশিক্ষণার্থীর জন্য চিকিৎসা ফি'র স্টেটমেন্ট" (AOTS এর জন্য যথাযোগ্য চিকিৎসা ফি'র দাবি পেশ করার জন্য চিকিৎসা প্রতিষ্ঠানের দ্বারা ব্যবহৃত ফর্ম)　এবং "AOTS প্রশিক্ষণার্থীদের জন্য চিকিৎসা নির্দেশিকা" (মেডিকেল কার্ডের সাথে সংযুক্ত) নিয়ে যাবেন।　(বহিঃস্থ প্রেসক্রিপশনের জন্য ফার্মেসীতে যাওয়ার সময়ও প্রশিক্ষণার্থীকে সাথে করে কার্ড এবং স্টেটমেন্ট নিয়ে যেতে হবে।)

চিকিৎসা নেয়ার সময় আয়োজক কোম্পানির একজন প্রতিনিধি প্রশিক্ষণার্থীর সাথে থাকবেন।


AOTS研修生の診療に関する証明書　研修生No. 99999

| | |
|---|---|
| 氏　名 | XXXXXXXXXXXXXXXX |
| 受入企業 | 一般財団法人 海外産業人材育成協会 |
| 研修期間 | XXXX年XX月XX日－XXXX年XX月XX日 |
| 国・地域 | XXXXXXXXXXXXX |
| 生年月日 | XXXX.XX.XX　性別　XXXX |
| 発行年月日 | XXXX年XX月XX日 |

(一財) 海外産業人材育成協会
AOTS (HIDA)

### চিকিৎসা প্রতিষ্ঠানে রিসেপশন ডেস্ক এ

রিসেপশনিস্টের কাছে আপনার মেডিকেল কার্ড এবং "AOTS প্রশিক্ষণার্থীদের জন্য চিকিৎসা নির্দেশিকা" প্রদর্শন করুন।

(দ্রষ্টব্য) প্রশিক্ষণ সময়কালীন একটি আকস্মিক দুর্ঘটনা পর কোনো অসুস্থতা ও শারীরিক আঘাতের জন্য প্রয়োজনীয় যে চিকিৎসা সংক্রান্ত ব্যয় বহন করা হবে, তা চিকিৎসা ব্যয় হিসাবে অভিহিত হবে। দূর্ঘটনায় আঘাত পাওয়ার পর থেকে সর্বোচ্চ মোট ১৮০ দিনের জন্য প্রথম পরামর্শের খরচ বা চিকিৎসা ফি বীমার দ্বারা পূরণ করা হবে।

"স্বতন্ত্র প্রশিক্ষণার্থীর জন্য চিকিৎসা ফি'র স্টেটমেন্ট" এর প্রয়োজনীয় সকল আইটেম পূরণ করুন, যেমন প্রশিক্ষণার্থীর নাম, উপসর্গ, প্রশিক্ষণার্থীর হাসাপাতালে গমনকে অনুমোদনকারী আয়োজক কোম্পানির ব্যক্তিটির নাম, এবং পূরন করার পর রিসেপশনিস্ট এর কাছে জমা দিন।

.

আপনার মেডিকাল কার্ডে বিস্তারিত তথ্য পূরণ করুন।.

← উপসর্গ এবং শুরুর তারিখ সহ প্রয়োজনীয় আইটেম পূরণ করুন।

← প্রশিক্ষণার্থীর হাসাপাতালে গমনকে অনুমোদনকারী আয়োজক কোম্পানির ব্যক্তিটি প্রশিক্ষণার্থীর সাথে গমনকারী ব্যক্তিটির নাম, অথবা প্রশিক্ষণার্থীর দায়িত্বে নিয়োজিত ব্যক্তিটির নাম পূরণ করবে।

### চিকিৎসা ফি'র টাকা পরিশোধ

1) <u>প্রশিক্ষণার্থী বা অন্য কেউ চিকিৎসা প্রতিষ্ঠানের নিকট সরাসরি চিকিৎসা ফি'র টাকা পরিশোধ না করলে</u>
চিকিৎসা প্রতিষ্ঠান সৌজন্যের খাতিরে যথাযোগ্য চিকিৎসা ফি রোগীর কাছ থেকে দাবি করবে না।　চিকিৎসা ফি দাবির করার জন্য AOTS এর নিকট "স্বতন্ত্র প্রশিক্ষণার্থীর জন্য চিকিৎসা ফি'র স্টেটমেন্ট"　জমাদানের করা হলে, বীমা কোম্পানি চিকিৎসা প্রতিষ্ঠানের নিকট চিকিৎসা ফি'র অপরিশোধিত টাকা পরিশোধ করবে।
নীতিগতভাবে রিসেপশনের ডেস্কে কোন অর্থ পরিশোধের প্রয়োজন হবে না।

2) <u>যখন প্রশিক্ষণার্থী বা আয়োজক কোম্পানি চিকিৎসা প্রতিষ্ঠানের নিকট চিকিৎসা ফি'র টাকা পরিশোধ করবে</u>
কিছু বিশেষ পরিস্থিতিতে, রিসেপশন ডেস্কে টাকা পরিশোধের প্রয়োজন পড়তে পারে। সেইসব ক্ষেত্রে রিসেপশন ডেস্কে টাকা পরিশোধ করুন।
এই ক্ষেত্রে, AOTS এর নিকট আয়োজক কোম্পানি "স্বতন্ত্র প্রশিক্ষণার্থীর জন্য চিকিৎসা ফি'র স্টেটমেন্ট" প্রেরন করবে এবং এরপর বীমা কোম্পানি আয়োজক কোম্পানিকে খরচ হওয়া টাকা পরিশোধ করবে।

< কিভাবে চিকিৎসা ফি'র টাকা দাবি করতে হয় >

① প্রশিক্ষণার্থীর হাসাপাতালে গমনকে অনুমোদনকারী আয়োজক কোম্পানির ব্যক্তিটি কর্তৃক স্টেটমেন্টের যে সেকশনটি পূরণ করা হবে, সেখানে প্রথম পরামর্শের তারিখটি　(শারীরিক আঘাতের ক্ষেত্রে, দূর্ঘটনা জনিত আঘাত সংঘটনের তারিখ) এবং রোগনির্ণয় লিখতে হবে।
②দাবিদার হিসাবে আয়োজক কোম্পানির নাম লিপিবদ্ধ করুন এবং স্টেটমেন্টের ট্রান্সফার পেমেন্ট সেকশনে আয়োজক কোম্পানির অ্যাকাউন্টের বিস্তারিত পূরণ করুন।
③স্টেটমেন্টের সাথে মূল রসিদকে সংযুক্ত করে AOTS এর নিকট প্রেরণ করুন।
④পরবর্তী মাসের শেষের দিকে বীমা কোম্পানি কর্তৃক ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে মনোনীত অ্যাকাউন্টে অর্থ প্রেরণ করা হবে।

### ফার্মেসীর বিলের নিস্পত্তি

ঔষধ গ্রহণ করার জন্য ফার্মেসীতে প্রেসক্রিপশন নিয়ে যাওয়ার সময়, "স্বতন্ত্র প্রশিক্ষণার্থীর জন্য চিকিৎসা ফি'র স্টেটমেন্ট", "মেডিকেল কার্ড",　এবং "AOTS প্রশিক্ষণার্থীদের জন্য চিকিৎসা নির্দেশিকা" রিসেপশন ডেস্কে প্রদর্শন করতে হবে।
অর্থ প্রদানের পদ্ধতটি একই। যাইহোক, যখন আয়োজক কোম্পানি ফার্মেসীর অর্থ পরিশোধ করবে, তখন প্রশিক্ষণার্থীর হাসাপাতালে গমনকে অনুমোদনকারী আয়োজক কোম্পানির ব্যক্তিটি কর্তৃক স্টেটমেন্টের যে সেকশনটি পূরণ করা হবে, সেখানে প্রথম পরামর্শের তারিখটি (শারীরিক আঘাতের ক্ষেত্রে, দূর্ঘটনা জনিত আঘাত সংঘটনের তারিখ) এবং রোগনির্ণয় ছাড়াও <u>ভিজিট করা চিকিৎসা প্রতিষ্ঠানের নামটি</u> নিশ্চিতভাবে লিখুন।

### অতিরিক্ত তথ্যের জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন

The Association for Overseas Technical Cooperation and Sustainable Partnerships (AOTS)
Training Accounting Group ,Training & Expert Dispatch Administration Department
Hakutsuru Bldg.F4 12-5, Ginza 5-chome,Chuo-ku, Tokyo 104-0061, Japan　TEL: +81-3-3549-3053　FAX: +81-3-3549-3055
URL : www.aots.jp